



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bsti.gov.bd



স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.২০৫.১২.৫০৮.২২.২০

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিএসটিআই'র টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত আন্তর্জাতিক মান অ্যাডপশনের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই কর্তৃক জাতীয় মান প্রণয়ন/রিভিশন-এর লক্ষ্যে গঠিত মিক্স এন্ড মিক্স প্রোডাক্টস টেকনিক্যাল কমিটি কর্তৃক নিম্নবর্ণিত ০২ (দুই)টি আন্তর্জাতিক মান (CODEX)-এর হালনাগাদ সংস্করণ রিভিশনকৃত বাংলাদেশ মান হিসেবে অ্যাডপশনের লক্ষ্যে প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে:

1. Codex Stan 72 Infant formula and formulas for special medical purposes intended for infant
2. Codex Stan 156 Follow-up formula for older infants and product for young children

উপরোল্লিখিত মানসমূহ বাংলাদেশ জাতীয় মান হিসেবে চূড়ান্তকরণের পূর্বে এগুলো অ্যাডপশনের বিষয়ে আপনার/আপনার প্রতিষ্ঠানের সুচিন্তিত মতামত আহ্বান করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মতামত (যদি থাকে) যৌক্তিকতাসহ আগামী ১৫ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ মতামত না পাওয়া গেলে মানসমূহ অ্যাডপশনের বিষয়ে সম্মত রয়েছেন মর্মে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

জাতীয় মান প্রণয়নে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

১৬-০২-২০২৫

এনামুল হক

উপপরিচালক (কৃষি ও খাদ্য)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। মহাপরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, ঢাকা।
- ৩। পরিচালক, ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরি, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা।

- ৪। পরিচালক, পরিচালকের দপ্তর, আইএফএসটি, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ঢাকা।
- ৫। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
- ৬। সভাপতি, কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ঢাকা।
- ৭। পরিচালক, সিএম উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
- ৮। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), রসায়ন পরীক্ষণ উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
- ৯। পরিচালক/অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয়/আঞ্চলিক/জেলা অফিস।
- ১০। সংশ্লিষ্ট বিভাগীয় ও টেকনিক্যাল কমিটির সদস্যবৃন্দ।
- ১১। সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার।
- ১২। প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

